দৈনিক ইনকিলাব

১০

তারিখ 1.6. JAN ~~1988~~
পৃষ্ঠা ১ কলাম ৪

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## প্রেসনোট

সরকার গতকাল সন্ধ্যায় এক প্রেসনোটে গভীর দুঃখের সংগে জানান যে, গতকাল সকাল ৭টা ২০ মিনিটে পূবাইল এবং টংগী রেলওয়ে স্টেশনের মধ্যবর্তী মাঝ

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## প্রেস নোট

প্রথম পৃষ্ঠার পর

খান ব্রীজের নিকটে ঢাকা থেকে চট্টগ্রামগামী উর্মী-অরুণার সংগে চট্টগ্রাম থেকে ঢাকাগামী ১ আপ ঢাকা মেইলের মুখোমুখি সংঘর্ষ ঘটে। ঢাকাগামী 'ঢাকা মেইল' এ সময় ১ ঘন্টা বিলম্বে চলাচল করছিল।

ঢাকা মেইলের পূবাইল স্টেশনে আগমনের নির্ধারিত সময় ছিল ৫টা ৪২ মিনিট, কিন্তু উক্ত ট্রেনটি পূবাইল স্টেশনে ৬টা ৪৪ মিনিটে এসে পৌছে এবং ৭টা ১০ মিনিটে টংগীর উদ্দেশ্যে ছেড়ে যায়। এই সময় চট্টগ্রামগামী আন্তঃনগর উর্মী-অরুণা টেৃনটি তার নির্দিষ্ট সময়ে ঘটনাস্থলে এসে পৌছলে দুর্ভাগ্যজনক দুর্ঘটনাটি ঘটে। ঘটনাস্থলে ৫৭ ব্যক্তি নিহত হয়। আহতদের চিকিৎসার জন্য তাৎক্ষণিকভাবে টংগী, পঙ্গু, সোহরাওয়ার্দী, পিজি, রেলওয়ে, ঢাকা মেডিকেল কলেজ এবং সমম্বিত সামরিক হাসপাতালে নিয়ে যাওয়া হয়। আহতদের মধ্যে সোহরাওয়ার্দী হাসপাতালে ২ জন, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ২ জন এবং পঙ্গু হাসপাতালে ৯ জন মোট ১৩ জন পরে মারা যায়। ফলে নিহতদের মোট সংখ্যা দাঁড়ায় ৭০ জন। আহতদের মধ্যে পঙ্গু হাসপাতালে ৪৮ জন, সমম্বিত সামরিক হাসপাতালে ১২ জন, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ৩৭ জন, সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতালে ২ জন, পিজি হাসপাতালে ১৬ জন, টঙ্গী হেলথ সেন্টারে ৫ জন; রেলওয়ে হাসপাতালে ৯ জন, সরকারী কর্মচারী হাসপাতালে ১ জন, বক্ষ ব্যাধি হাসপাতলে ১ জন এবং সোহরাওয়ার্দী হাসপাতালে ১৪ জন মোট ১৪৫ জন চিকিৎসাধীন রয়েছেন। এছাড়াও আরো কয়েকজন আহত ব্যক্তিকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেয়া হয়েছে।

দুর্ঘটনায় উভয় ট্রেনের ইঞ্জিন মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। চট্টগ্রামগামী উর্মী অরুণার ৩টি সুলভ শ্রেণী এবং ঢাকাগামী ঢাকা মেইলের ৩টি ২য় শ্রেণীর যাত্রী বগী লাইনচ্যুত হয়েছে।